# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. FOURTH SEMESTER EXAMINATION, AUGUST 2021**
**SECOND YEAR [BATCH 2019-22]**
**BENGALI (HONOURS)**
**Paper : VIII [CC8]**

Date : 07/08/2021
Time : 11.00 am - 1.00 pm
Full Marks : 50

নিম্নলিখিত প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও।

১। ক) সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রচনারীতির বৈশিষ্ট্য উল্লেখ করে, বাংলা উপন্যাস সাহিত্যে তাঁর গুরুত্ব আলোচনা করো।

**অথবা,** (১০)

খ) ‘‘রবীন্দ্র-শরৎ উত্তরপর্বে বাংলা কথাসাহিত্যের গতি পরিবর্তনে অন্যতম ভূমিকা পালন করেছিলেন মানিক বন্দ্যোপাধ্যায়’’ — মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসের বৈশিষ্ট্য অনুসারে এই মন্তব্যের সমর্থনে বা অসমর্থনে তোমার যুক্তি দাও।

২। ক) বাংলা উপন্যাস সাহিত্যের ইতিহাসে ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়ের স্বতন্ত্রতার দিকগুলি সম্পর্কে আলোচনা করো।

**অথবা,** (১০)

খ) মহাশ্বেতা দেবীর লেখার অধিকাংশ স্থান গ্রহণ করে রয়েছে অন্ত্যজ শ্রেণির মানুষেরা। এঁদের অবলম্বন করে তিনি পৌঁছে গিয়েছেন অন্য এক ইতিহাসবোধের দ্বারে। — বক্তব্যের সমর্থন বা অসমর্থনে লেখিকার উপন্যাসের আঙিনায় তোমার মতামত প্রদর্শন করো।

৩। ক) বাংলাদেশের উপন্যাস সাহিত্যের ইতিহাসে ঔপন্যাসিক আখতারুজ্জামান ইলিয়াস-এর গুরুত্ব আলোচনা করো।

**অথবা,** (১০)

খ) ‘‘শুধু ওপার বাংলা বা এপার বাংলা নয়, দুই বাংলার বলয় টপকে আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন লেখক হলেন সেলিনা হোসেন।’’ — সেলিনা হোসেনের উপন্যাসের পরিপ্রেক্ষিতে এই মন্তব্যটি বিশ্লেষণ করো।

৪। ক) রোমান্স বলতে কী বোঝ? এর বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে উল্লেখ করে একটি দৃষ্টান্ত অবলম্বনে রোমান্সের সার্থকতা বিচার করো। (২+৩+৫)

**অথবা,**

খ) ছোটোগল্প-এর সংজ্ঞা দাও। এর বৈশিষ্ট্যগুলি উদাহরণ সহযোগে আলোচনা করো। (৩+৭)

৫। ক) রাজনৈতিক উপন্যাস বলতে কী বোঝ? সংক্ষেপে এর বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে একটি দৃষ্টান্ত গ্রহণ করে তার সার্থকতা বিচার করো। (২+৮)

**অথবা,**

খ) চরিত্রকথনরীতিধর্মী উপন্যাস বলতে কী বোঝ? আত্মকথনরীতির সঙ্গে চরিত্রকথনরীতির মূল পার্থক্য কোথায়? একটি উপন্যাসের উদাহরণ গ্রহণ করে এই ধরনের উপন্যাসের ধারণাটিকে স্পষ্ট করো। (২+২+৬)

——————— × ———————